



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা,

ফোন : ০৮১-৭৬৩২৮, ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮

ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)

স্মারক নং : পরী/গো/এসএসসি/২০১৭/৬৪২(১৬৯৭)

তারিখ : ০৭-০২-২০১৭ খ্রি:

## বিজ্ঞপ্তি

বিষয় : পাবলিক পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়ন ও পরীক্ষক নিয়োগ সংক্রান্ত

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শাঃ ১০/ বোর্ড বিবিধ-১/২০০৩ (অংশ)/০৯, তারিখ : ০৫/০১/২০১০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক পরীক্ষায় উত্তরপত্র মূল্যায়নের জন্য নিয়োগপ্রাপ্ত অনেক প্রধান পরীক্ষক ও পরীক্ষক বিভিন্ন অজুহাতে উত্তরপত্র বিতরণের সময় অনুপস্থিত থাকেন। ফলে উত্তরপত্র সঠিক সময়ে বিতরণ করা সম্ভব হয় না। নির্ধারিত সংখ্যক পরীক্ষক উপস্থিত না হওয়ার কারণে স্বল্প সংখ্যক পরীক্ষকদের মধ্যে উত্তরপত্র বিতরণ করতে হয় বিধায় পরীক্ষক প্রতি উত্তরপত্রের সংখ্যা বেড়ে যায়। এতে উত্তরপত্র মূল্যায়নে বিলম্ব হয় এবং সরকার নির্ধারিত সময়ে ফলাফল প্রকাশ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। তদুপরি উত্তরপত্র মূল্যায়নে ভুল ও অবমূল্যায়ন হওয়ার আশংকা থাকে।

সুষ্ঠুভাবে পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের স্বার্থে পাবলিক পরীক্ষায় নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের উত্তরপত্র মূল্যায়নের কাজটি শিক্ষা মন্ত্রণালয় বাধ্যতামূলক করেছে। যে সকল শিক্ষক পাবলিক পরীক্ষায় পরীক্ষক নিয়োগপ্রাপ্ত হয়ে উত্তরপত্র মূল্যায়ন কাজে যথাযথ কারণ ছাড়া অনুপস্থিত থাকবেন বা অনীহা প্রকাশ করবেন তাঁদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য কুমিল্লা শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষা-২০১৭ এর প্রধান পরীক্ষক ও পরীক্ষক নিয়োগ মোবাইল SMS ও অনলাইন প্রক্রিয়ায় সম্পন্ন হবে। মোবাইলে SMS প্রাপ্তির পর প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণ কুমিল্লা বোর্ডের ওয়েবসাইটে : ([www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)) প্রবেশ করে এসএসসি পরীক্ষক লিঙ্কে গিয়ে নিয়োগপত্র অপশনে প্রবেশ করে নিয়োগপত্র প্রিন্ট করতে হবে। নিয়োগপ্রাপ্ত পরীক্ষকগণ উত্তরপত্র গ্রহণের দিন নিয়োগপত্রে উল্লিখিত বিষয়কোড ও পরীক্ষক কোড উল্লেখ পূর্বক কর্মরত প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নমুনা স্বাক্ষর সত্যায়ন করে আনতে হবে। নিয়োগপ্রাপ্ত পরীক্ষক ব্যতীত অন্য কোন শিক্ষক অথবা নন-এমপিও শিক্ষক/লাইব্রেরিয়ান/সহকারী লাইব্রেরিয়ান/অফিস সহকারী পরীক্ষক হতে পারবে না।


শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষককে বিষয়টি অবহিত ও প্রতিপালন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিঃদ্র : উত্তরপত্র বিতরণের সভায় যথাসময়ে উপস্থিতি বাধ্যতামূলক।

প্রাপক :

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল স্কুল এন্ড কলেজ/স্কুল।

  
(কায়সার আহমেদ)  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২